বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
সিকিউরিটিজ কমিশন ভবন
ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭
www.sec.gov.bd

MUJIB মুজিব শতবর্ষ 100

বিএসইসি/এনফোর্সমেন্ট/২৩৪৬/২০১৬-..৮০৬ তারিখ: .০৪.. নভেম্বর, ২০২০

# আদেশ

যেহেতু, Securities and Exchange Ordinance, 1969 (ORDINANCE No. XVII of 1969) এর Section 2(cc) মোতাবেক "Commission" অর্থ Bangladesh Securities and Exchange Commission যা বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ (১৯৯৩ সালের ১৫ নং আইন) এর ক্ষমতাবলে প্রতিষ্ঠিত (অত:পর 'কমিশন' বলে উল্লিখিত);

যেহেতু, Securities and Exchange Ordinance, 1969 (Ordinance No. XVII of 1969) এর Section 2(g) মোতাবেক Appollo Ispat Complex Limited (AICL) 'issuer' হিসেবে অভিহিত (অত:পর 'ইস্যুয়ার' বলে উল্লিখিত);

যেহেতু, Securities and Exchange Ordinance, 1969 (ORDINANCE No. XVII of 1969) এর Section 2CC এর মাধ্যমে কমিশনের উপর প্রদত্ত ক্ষমতাবলে কমিশন নোটিফিকেশন নম্বর SEC/CMRRCD/2009-193/49/Admin/03-48 dated July 14, 2010 জারি করে;

যেহেতু, কমিশনের নোটিফিকেশন নম্বর SEC/CMRRCD/2009-193/49/Admin/03-48 dated July 14, 2010 এর বর্ণনা নিম্নরূপ:

"..... Every sponsor shareholder or director or placement holder of a company listed with any stock exchange shall simultaneously submit a written report to the Securities and Exchange Commission and the stock exchange with which the company is listed about his/her/its intention to buy or sell or otherwise dispose off in any manner whatsoever the shares held by him/her/it in that company in the following format: ....."

যেহেতু, 'আর্ট ইন্টারন্যাশনাল লিমিটেড' এর পক্ষে মনোনীত পরিচালক হিসেবে জনাব মমতাজুর রহমান ইস্যুয়ার কোম্পানি 'এপোলো ইস্পাত কমপ্লেক্স লিমিটেড' এর পরিচালক; এবং মনোনীত পরিচালক হিসেবে তিনি 'আর্ট ইন্টারন্যাশনাল লিমিটেড' এর পক্ষে বিগত ১৪.০১.২০১৬ইং হতে ৩১.০১.২০১৬ইং তারিখের মধ্যে ইস্যুয়ার কোম্পানির ৮,৮৮,০০০ টি শেয়ার পূর্ব ঘোষণা ছাড়াই বিক্রি করেছেন;

যেহেতু, উপর্যুক্ত পূর্ব ঘোষণা ছাড়া শেয়ার বিক্রির মাধ্যমে 'আর্ট ইন্টারন্যাশনাল লিমিটেড' কমিশনের নোটিফিকেশন নম্বর SEC/CMRRCD/2009-193/49/Admin/03-48 dated July 14, 2010 এর সুস্পষ্ট লঙ্ঘন করেছেন;

যেহেতু, 'আর্ট ইন্টারন্যাশনাল লিমিটেড' কর্তৃক উপর্যুক্ত কর্মকান্ডের কারণে কমিশনের এনফোর্সমেন্ট বিভাগের সেপ্টেম্বর ১৯, ২০১৯ইং তারিখের বিএসইসি/এনফোর্সমেন্ট/২৩৪৬/২০১৬-৪৪৯ স্মারকমূলে তাদেরকে নির্ধারিত তারিখে কারণ প্রদর্শন সহ শুনানীতে উপস্থিত হতে বলা হয় এবং সংশ্লিষ্টরা নির্ধারিত তারিখে শুনানিতে উপস্থিত হতে ব্যর্থ হন;

যেহেতু, Securities and Exchange Ordinance, 1969 এর Section 25A এর বিধান মোতাবেক এই আইনের অধীনে কোন ব্যক্তির উপর আনীত অভিযোগ হতে নির্দোষ প্রমাণের দায়িত্ব উক্ত ব্যক্তির উপর বর্তায়;

যেহেতু, Securities and Exchange Ordinance, 1969 এর Section 22 এর বিধান মোতাবেক যথাযথ প্রক্রিয়ায় নোটিশ ইস্যু করার পরও 'আর্ট ইন্টারন্যাশনাল লিমিটেড' উপর্যুক্ত শুনানিতে উপস্থিত হতে ব্যর্থ হয় এবং তাদের বিরুদ্ধে আনীত অভিযোগ হতে নিজেদের নির্দোষ প্রমাণে ব্যর্থ হয়;

যেহেতু, উপর্যুক্ত বিষয়সমূহের ফলশ্রুতিতে দেখা যায় যে, 'আর্ট ইন্টারন্যাশনাল লিমিটেড' কর্তৃক পূর্ব ঘোষণা ছাড়া ইস্যুয়ার এর শেয়ার বিক্রি কমিশনের নোটিফিকেশন নম্বর SEC/CMRRCD/2009-193/49/Admin/03-48 dated July 14, 2010 এর সুস্পষ্ট লংঘন;

যেহেতু, ইস্যুয়ার এর পরিচালক হিসেবে 'আর্ট ইন্টারন্যাশনাল লিমিটেড' সিকিউরিটিজ সংক্রান্ত আইন ও বিধিবিধান পরিপালনে ব্যর্থতার জন্য দায়ী;

যেহেতু, ইস্যুয়ার কোম্পানিতে জনসাধারণের মালিকানার শেয়ার রয়েছে যা স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত, কিন্তু 'আর্ট ইন্টারন্যাশনাল লিমিটেড' কর্তৃক পূর্ব ঘোষণা ছাড়া ইস্যুয়ারের শেয়ার বিক্রির কারণে বিনিয়োগকারীদের স্বার্থ ক্ষুণ্ণ হয়েছে ও হচ্ছে, যা পুঁজিবাজারের উন্নয়নেরও পরিপন্থী;

যেহেতু, ইস্যুয়ার কোম্পানিতে বিনিয়োগকারীদের স্বার্থ রক্ষা সহ পুঁজিবাজারের উন্নয়ন ও শৃংখলা রক্ষা করা কমিশনের অন্যতম উদ্দেশ্য তথা কর্তব্য;

যেহেতু, 'আর্ট ইন্টারন্যাশনাল লিমিটেড' আলোচ্য কর্মকান্ড তথা সিকিউরিটিজ আইন ও উহার অধীনে জারিকৃত বিধি-বিধান ভঙ্গের জন্য দায়ী, যা Securities and Exchange Ordinance, 1969 এর Section 22 এর অধীন শাস্তিযোগ্য অপরাধ; এবং

যেহেতু, কমিশনের বিবেচনায়, সিকিউরিটিজ আইন ও বিধি-বিধান পরিপালনে আলোচ্য ব্যর্থতার জন্য, পুঁজিবাজারের শৃংখলা, স্বচ্ছতা এবং জনস্বার্থে 'আর্ট ইন্টারন্যাশনাল লিমিটেড'-কে জরিমানা করা প্রয়োজন ও সমীচীন;

সেহেতু, কমিশন উল্লিখিত যাবতীয় বিষয় বিবেচনাপূর্বক, Securities and Exchange Ordinance, 1969 (Ordinance No. XVII of 1969) এর Section 22 [যা The Securities and Exchange (Amendment) Act, 2000 দ্বারা সংশোধিত] এ প্রদত্ত ক্ষমতাবলে 'আর্ট ইন্টারন্যাশনাল লিমিটেড'-কে নিম্নোক্ত শাস্তি প্রদান করল:

Appollo Ispat Complex Limited এর পরিচালক 'আর্ট ইন্টারন্যাশনাল লিমিটেড' এর উপর ১০ (দশ) লক্ষ টাকা জরিমানা ধার্য্য করল যা অত্র আদেশ জারীর ৩০ (ত্রিশ) দিনের মধ্যে 'বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন' এর অনুকূলে ইস্যুকৃত ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে কমিশনে জমা করতে হবে।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের পক্ষে,

০৪/১১/২০২০
খোন্দকার কামালউজ্জামান
কমিশনার

বিতরণ:

১। আর্ট ইন্টারন্যাশনাল লিমিটেড, পরিচালক, এপোলো ইস্পাত কমপ্লেক্স লিমিটেড, বাড়ি নং ১৭, সড়ক নং ০২, ধানমন্ডি আ/এ, ঢাকা-১২০৫ / ৪০৭, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।